



12504 - ঈদরে রাত্রে কয়ামুল লাইল পালনরে ফযলিত সংক্রান্ত একটা দুর্বল হাদসি

প্রশ্ন

ঈদরে রাত্রে কয়ামুল লাইল পালনরে ব্যাপারে উদ্ধৃত হাদসিটা কি সহি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

এ হাদসিটা আবু উমামা (রাঃ) থেকে ইবনে মাজাহ (১৭৮২) সংকলন করছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "যে ব্যক্তি দুই ঈদরে রাত্রে আল্লাহর কাছ থেকে সওয়ার পাওয়ার আশায় কয়াম পালন করবে যাই দিন অন্তরগুলো মরে যাবে সেইদিন তার অন্তর মরবে না।"

এটা একটা দুর্বল হাদসি। এটা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সহি নয়।

ইমাম নববী "আল-আযকার" কতিবে বলেন:

"এটা একটা দুর্বল হাদসি। এটা আবু উমামা (রাঃ) থেকে আমাদের কাছে মারফু হাদসি ও মাওকুফ হাদসি হিসেবে বর্ণিত হয়েছে। উভয়টা দুর্বল।"[সমাপ্ত]

হাফযে আল-ইরাকী 'তাখরজি আহাদছি ইহইয়া উলুমুদ্দীন' গ্রন্থে বলেন: এর সনদ দুর্বল।

হাফযে ইবনে হাজার বলেন: এটা একটা গারীব ও মুযতারবি (দোদুল্যমান) সনদরে হাদসি।[দখুন: আল-ফুতুহাত আর্-রাব্বানিয়্যাহ (৪/২৩৫)]

আলবানী হাদসিটিকে 'যয়ীফ ইবনে মাজাহ' গ্রন্থে উল্লেখ করে বলেন: মাওযু (বানওয়াট)।

তিনি "সলিসলিতুল আহাদছিয যয়ীফা" গ্রন্থে (৫২১) বলেন: খুবই দুর্বল।

হাদসিটা তাবারানী উবাদা বনি সামতে (রাঃ) থেকে বর্ণনা করছেন যে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেন: "যে ব্যক্তি ঈদুল ফতিররে রাত ও ঈদুল আযহার রাত ইবাদতে কাটাবে যাই দিন মানুষরে অন্তর মরে যাবে সেই দিন তার অন্তর মরবে না।" এটাও দুর্বল হাদসি।



হাইছামী "মাজমাউয যাওয়ায়দে" গ্রন্থে বলেন: হাদসিটি তাবারানী 'আল-কাবরি' ও 'আল-আওসাত' গ্রন্থে বর্ণনা করছেন। এ হাদসিরে সনদে রয়েছে: উমর বনি হারুন আল-বালখি। তার বশেরিভাগ বর্ণনা দুর্বল। ইবনে মাহদি ও অন্যান্য আলমে তার সুনাম করছেন। কিন্তু অনেকে সংখ্যক আলমে তাকে দুর্বল বলছেন। আল্লাহ্ই সর্বজ্ঞঃ।

এ হাদসিটিও আলবানী 'সলিসলিতুল আহাদছিযি যায়ীফা' গ্রন্থে (৫২০) উল্লেখ করে বলছেন: মাওযু (বানয়োটি)।

ইমাম নববী 'আল-মাজমু' গ্রন্থে বলেন:

আমাদের মাযহাবের আলমেগণ বলেন: দুই ঈদরে রাত নামায ও অন্য ইবাদতে কাটানো মুস্তাহাব। আমাদের মাযহাবের আলমেগণ এর সপক্ষে আবু উমামা (রাঃ) কর্তৃক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণিত হাদসি দিয়ে দলিল দেন যে: "যে ব্যক্তি দুই ঈদরে রাতকে ইবাদতে কাটাবে যাই দিন মানুষের অন্তরগুলো মরে যাবে সেই দিন তার অন্তর মরবে না"। শাফয়েিও ইবনে মাজাহ এর বর্ণনায় রয়েছে যে: "যে ব্যক্তি দুই ঈদরে রাত আলাহ্‌র কাছ থেকে সওয়াব পাওয়ার আশায় কয়াম পালন করবে যাই দিন অন্তরগুলো মরে যাবে সেইদিন তার অন্তর মরবে না।" এটি আবুদ দারদা থেকে মাওকুফ হাদসি হিসেবে বর্ণিত আছে। আবু উমামা থেকে মাওকুফ ও মারফু উভয়ভাবে বর্ণিত আছে; যমেনটি পূর্বই উল্লেখ করা হয়েছে। কিন্তু সকল বর্ণনার সনদ দুর্বল।[সমাপ্ত]

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া বলেন:

"ঈদরে রাতের (ইবাদত) সম্পর্কে যত হাদসি উল্লেখ করা হয় সবগুলো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নামে মথিয়াচার।"[সমাপ্ত]

তার অর্থ এ নয় যে, ঈদরে রাত কয়ামুল লাইল পালন করা মুস্তাহাব নয়। বরং প্রত্যেকে রাতই কয়ামুল লাইল পালন করার বধিান রয়েছে। এ কারণে সকল আলমে একমত যে, ঈদরে রাত কয়ামুল লাইল পালন করা মুস্তাহাব; যমেনটি "আল-মাওসুআ আল-ফকিহিয়া" গ্রন্থে (২/২৩৫) উদ্ধৃত হয়েছে। পূর্ববোক্ত আলোচনার উদ্দেশ্য হল: ঐ রাতের ফযলিতরে ব্যাপারে বর্ণিত হাদসিটি দুর্বল।

আল্লাহ্ই সর্বজ্ঞঃ।